দৈনিক
ইত্তেফাক

তারিখ 20 MAY 2015
পৃষ্ঠা ১৬ কলাম ৫

# বাল্যবিয়ে রোধে শিক্ষার্থীদের শপথ

■ বকশীগঞ্জ (জামালপুর) সংবাদদাতা

বকশীগঞ্জে মাদক ও বাল্যবিয়ে রোধে মঙ্গলবার দুপুরে শপথ গ্রহণ করেছে প্রায় ৩ হাজার শিক্ষার্থী। চন্দ্রবাজ রশিদা বেগম স্কুল এন্ড কলেজে সরকারের সাফল্য অর্জনে জনগণকে অবহিতকরণের লক্ষ্যে র‌্যালি, বিতর্ক প্রতিযোগিতা, চলচ্চিত্র প্রদর্শনী ও আলোচনা সভা অনুষ্ঠিত হয়। জেলা তথ্য অফিসের আয়োজনে অনুষ্ঠানে চন্দ্রবাজ রশিদা বেগম স্কুল এন্ড কলেজ, বাট্রাজোড় নগর মাহমুদ উচ্চ বিদ্যালয় ও হাসিনা গাজী বালিকা উচ্চ বিদ্যালয়ের প্রায় ৩ হাজার শিক্ষার্থী অংশ নেয়। অনুষ্ঠানের উদ্বোধন করেন উপজেলা নির্বাহী অফিসার নার্গিস পারভীন।